Bangladesh
Microcredit Regulatory Authority
# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

'মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার'

স্মারক নম্বর- ৫৩.০৪.০০০০.০০২.৯৯.০০১.২১-২১২৭

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪২৮ / ১৩ ডিসেম্বর, ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

**বিষয় : স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবস উদযাপন।**

বিজয়ের মাস ডিসেম্বরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখ মহান বিজয় দিবস উদযাপন করার জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তন্মধ্যে শপথ অনুষ্ঠান উল্লেখযোগ্য। উক্ত শপথ অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ বাক্য পাঠ করাবেন।

২। এমআরএ কর্তৃক সরকারের সাথে সমন্বয় রেখে অথরিটি ও অথরিটির সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক মহান বিজয় দিবস উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রেরিত নির্দেশনা ও এমআরএ কর্তৃক গৃহীত কর্মসূচি প্রয়োজনীয় কার্যার্থে এতদসাথ প্রেরণ করা হলো। এ বিষয়ে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচী পালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

১৩/১২/২০২১

(মোঃ নূরে আলম মেহেদী)
পরিচালক
ফোনঃ ৮৩৩ ৩৩ ৮৯
ইমেইলঃ director.hr-admin@mra.gov.bd

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশা
প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।
www.mra.gov.bd

**স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে এমআরএ কর্তৃক ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবস উদযাপন এর কর্মসূচি :**

| ক্রমিক নং | বিবরণ/কার্যক্রম/কর্মসূচি | তারিখ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | শহীদ বুদ্ধিজীবী দিবস পালন ও মহান বিজয় দিবস উপলক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর সাথে আলোচনা/ প্রস্তুতিমূলক সভা | ১৪ ডিসেম্বর ২০২১ | এমআরএ ও সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান |
| ২. | রাষ্ট্রীয়ভাবে আয়োজিত শপথ অনুষ্ঠানে অংশগ্রহণ (স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে) | ১৬ ডিসেম্বর ২০২১ | এমআরএ ও সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (প্রধান ও শাখা কার্যালয়সহ) |
| ৩. | ব্যানার/ড্রপডাউন দৃশ্যমানস্থানে টানানো | ডিসেম্বর ২০২১ মাসব্যাপী | এমআরএ ও সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (প্রধান ও শাখা কার্যালয়) |
| ৪. | কর্মকর্তা-কর্মচারীগণের সমন্বয়ে বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন (স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে) | ১৬ ডিসেম্বর ২০২১ | এমআরএ ও সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (প্রধান ও শাখা কার্যালয়) |
| ৫. | Website, Social Media, Electronic Dashboard এ মহান বিজয় দিবসের শুভেচ্ছা জ্ঞাপন | ১৬ ডিসেম্বর ২০২১ | এমআরএ ও সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান |
| ৬. | সংবাদপত্রে মহান বিজয় দিবস উপলক্ষ্যে বিজয় দিবসের শুভেচ্ছা প্রদান | ১৬ ডিসেম্বর ২০২১ | এমআরএ ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান |
| ৭. | ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত কমিউনিটি রেডিও তে মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা ও স্মৃতিচারণমূলক অনুষ্ঠান প্রচার | ১৬ ডিসেম্বর ২০২১ | সংশ্লিষ্ট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান |
| ৮. | মহান বিজয় দিবস উপলক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর সাথে আলোচনা সভা | সুবিধাজনক সময়ে | এমআরএ ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৬.২০২১- ২৭৯

১৭ অগ্রহায়ণ ১৪২৮
তারিখ: ০২ ডিসেম্বর ২০২১

**বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে দেশব্যাপী 'শপথ অনুষ্ঠান' আয়োজন সংক্রান্ত।**

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে 'শপথ অনুষ্ঠান' আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে বিকাল ০৪:০০ টায় সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। দেশব্যাপী সকল শ্রেণী-পেশার মানুষ উক্ত শপথে অংশগ্রহণ করবেন।

০২। **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ বাক্য পাঠ করাবেন।** জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা থেকে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি সারাদেশের সাথে সংযুক্ত থাকবেন।

০৩। শপথ অনুষ্ঠানের একটি সম্ভাব্য কর্মসূচি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে একটি বিস্তারিত গাইডলাইন অবিলম্বে প্রেরণ করা হবে।

০৪। সকল বিভাগ/ জেলা/ উপজেলায় স্টেডিয়াম/ মহান বিজয় দিবসের নির্ধারিত ভেন্যুতে বর্ণিত 'শপথ অনুষ্ঠান'টি আয়োজন করার পরামর্শ প্রদান করা হলো।

০৫। বর্ণিত শপথ অনুষ্ঠানের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/১২

(মোঃ [illegible])
পরিচালক (প্রশাসন)
ফোন: +৮৮-০২-৫৫০২৯৪৩৫
ইমেইল: section.dir15@pmo.gov.bd

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি;
২. সিনিয়র সচিব/ সচিব ......................................(সকল);
৩. বিভাগীয় কমিশনার (সকল);
৪. জেলা প্রশাসক (সকল);
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৬. .......................................................................।

**অনুলিপি: জ্ঞাতার্থে**

১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৩. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা; *(মুখ্য সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)*
৫. সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। *(সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)*

# সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের শপথ অনুষ্ঠান

তারিখ: ১৬ ডিসেম্বর ২০২১, বৃহস্পতিবার, সময়: বিকাল ০৪.০০ টা

সমন্বয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

অনুষ্ঠানসূচি:

| সময় (বিকাল) | কর্মসূচি | প্রাপ্য/ মন্তব্য |
|---|---|---|
| ০৩:৩০ টা | অনুষ্ঠানস্থলে উপস্থিতি | • সকল বিভাগীয় স্টেডিয়াম ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সংযুক্ত থাকবে। অন্যান্য স্থান সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান অনুসরণ করবে। |
| ০৩:৪৫ টা | ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সংযুক্তি | |
| ০৪:০০ টা | মাননীয় প্রধানমন্ত্রীর আগমন | |
| ০৪:০১ টা | **সঞ্চালনা:**<br>ড. কামাল আবদুল নাসের চৌধুরী<br>প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি | |
| ০৪:০৫ টা | সমবেত সংগীত পরিবেশনা | |
| ০৪:১০ টা | মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য | |
| ০৪:২০ টা | **মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ পরিচালনা**<br>(শপথ গ্রহণকারী সকলেই জাতীয় পতাকা হাতে রেখে শপথ বাক্য পাঠ করবেন) | |
| - | জাতীয় সংগীত | |
| - | অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.১৯.৩৮১

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

বিষয়: বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠানের নির্দেশনাবলি পরিপালন।

সূত্র: স্মারক নং-জঃশঃউঃ/জাঃবাঃকঃ/বিবিধ-০৯/১১৫২, তারিখ: ০৪ ডিসেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে নতুন প্রজন্মসহ সকলকে বঙ্গবন্ধুর আদর্শের শিখায় আলোকিত এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার লক্ষ্যে আগামী ১৬ই ডিসেম্বর বিকাল ৪:৩০ মিনিটে বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর পরিচালনায় দেশব্যাপী শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। একই সাথে দেশের সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে প্রশাসনের সমন্বয়ে শপথ অনুষ্ঠিত হবে।

জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠেয় শপথ অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে তাঁর আওতাধীন দপ্তরের কর্মকর্তাকে সংশ্লিষ্ট প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে শপথ গ্রহন অনুষ্ঠানে অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান সংক্রান্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নিকট হতে প্রাপ্ত পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

১২-১২-২০২১
মোহাম্মদ সফিউল আলম
উপসচিব
ফোন: ৯৫৪৬৭০৮
ইমেইল: ds.admin@fid.gov.bd

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.১৯.৩৮১/১(৬)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
৩) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৪) এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ঢাকা।

৫) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২-১২-২০২১
মোহাম্মদ সফিউল আলম
উপসচিব

জয় বাংলা Bangladesh জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

**জরুরী**

স্মারক নং- জঃশঃউঃ/জাঃবাঃকঃ/বিবিধ-০৯/১১৫২

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৮ / ০৪ ডিসেম্বর ২০২১

বিষয়: বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠানের নির্দেশনাবলি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে গত ২০২০ সালের ১৭ই মার্চ হতে দেশে-বিদেশে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে পালিত হচ্ছে মুজিববর্ষ। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের এই অনন্য সময়ের সঙ্গে যুক্ত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন। নতুন প্রজন্মসহ সকলকে বঙ্গবন্ধুর আদর্শের শিখায় আলোকিত এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার মহতী লক্ষ্যে সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের এ মাহেন্দ্রক্ষণে এক শপথ অনুষ্ঠান আয়োজনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী ১৬ই ডিসেম্বর বিকাল ৪:৩০ মিনিটে বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিন প্লাজা হতে দেশব্যাপী উক্ত শপথ অনুষ্ঠানটি পরিচালনা করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা।

সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠান আয়োজন বিষয়ে গত ২৯শে নভেম্বর ২০২১ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড.আহমদ কায়কাউসের সভাপতিতে এবং জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীর উপস্থিতিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে উক্ত শপথ অনুষ্ঠানটি সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

১। দেশের ৮টি বিভাগীয় শহরে শপথ অনুষ্ঠানটির সার্বিক সমন্বয়ের দায়িত্ব বিভাগীয় কমিশনারগণ পালন করবেন।

২। বিভাগীয় কমিশনার বিভাগীয় শহরের একটি যথোপযুক্ত উন্মুক্ত স্থান নির্ধারণ করে সমাজের সকল শ্রেণি-পেশার মানুষকে সম্পৃক্ত করে উৎসবমুখর পরিবেশে শপথ অনুষ্ঠানটি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। জেলা ও উপজেলা পর্যায়ে উপযুক্ত একটি উন্মুক্ত স্থানে উৎসবমুখর পরিবেশে সমাজের সর্বস্তরের মানুষের উপস্থিতিতে শপথ অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সার্বিক সমন্বয় করবেন।

৪। শপথ অনুষ্ঠানটি আয়োজনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, আইন-শৃংখলা বাহিনীর সদস্য, সকল পেশাজীবী, সকল সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের সদস্যগণ,ক্ষুদ্র নৃগোষ্ঠী, নারী,কৃষক, শ্রমিক, ছাত্রসহ সমাজের সর্বস্তরের মানুষের উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। মাঠ প্রশাসন কর্তৃক এ অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসন মহান বিজয় দিবস, মুজিববর্ষ ও সুবর্ণজয়ন্তীর জাতীয় কর্মসূচির সাথে প্রয়োজনীয় সমন্বয়পূর্বক শপথ অনুষ্ঠানটি সুচারুরূপে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।

৬। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ তথা সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ তাদের স্ব-স্ব অধিক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনের সমন্বয়ে আয়োজিতব্য শপথ অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা প্রদান করবে। এ লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবে।

৭। বিদেশে অবস্থিত বাংলাদেশের সকল কূটনৈতিক মিশন তাদের স্ব-স্ব অধিক্ষেত্রে শপথ অনুষ্ঠানটি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮। সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থাকে উৎসবমুখর পরিবেশে বিপুল অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠানটি আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবে।

৯। মাঠ পর্যায়ে আয়োজিতব্য শপথ অনুষ্ঠানস্থলে শান্তি- শৃংখলা তথা নিরাপত্তার বিষয়টি সংশ্লিষ্ট বিভাগ/ দপ্তর নিশ্চিত করবে।

১০। শপথ অনুষ্ঠানটি আয়োজনের ক্ষেত্রে বিদ্যমান COVID-19 পরিস্থিতি বিবেচনায় সকল অংশগ্রহণকারীকে মাস্ক পরিধান ও কোভিড স্বাস্থ্যবিধি প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

১১। আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যগণ তাদের স্ব-স্ব বাহিনীর ইউনিফর্মে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

১২। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ তাদের স্ব-স্ব প্রতিষ্ঠানের ইউনিফর্ম পরিধান করে অনুষ্ঠানস্থলে উপস্থিত হবেন।

১৩। শপথ অনুষ্ঠানে অংশগ্রহণকারীগণ ছোট আকারের (১০ইঞ্চি×০৬ইঞ্চি) জাতীয় পতাকাযুক্ত পতাকা দন্ড হাতে শপথ বাক্য পাঠ করতে পারেন।

১৪। শপথ অনুষ্ঠানে পঠিতব্য লিখিত শপথবাক্য সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হবে।

১৫। অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্তৃক পরিধেয় মাস্কের ডিজাইনের সফট কপি জাতীয় বাস্তবায়ন কমিটি হতে সংশ্লিষ্ট সকলের ই-মেইলে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। প্রেরিত ডিজাইনের আলোকে স্থানীয়ভাবে মাস্ক তৈরি করে অনুষ্ঠানে উপস্থিত সকলকে পরিধানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৬। বাংলাদেশ টেলিভিশন শপথ অনুষ্ঠানের বিষয়ে জনগণের মধ্যে উৎসাহ-উদ্দীপনা সঞ্চারের লক্ষ্যে এক মিনিট ব্যাপ্তির প্রমো বা টিভিসি তৈরি করে টেলিভিশনে ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

শপথ অনুষ্ঠানকে সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়ার নেতৃত্বে তিন সদস্যের একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের জন্য প্রয়োজনে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

ক. জনাব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান
অতিরিক্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়, মোবাইল নম্বর- ০১৭১১-১২৭৩০৬;

খ. জনাব মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি
মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোবাইল নম্বর- ০১৭১৪-০৪০০৯৩।

04.12.2021

পঙ্কজ ঘোষ
উপসচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৫

অনুলিপিঃ সদয় কার্যার্থে :

১. সিনিয়র সচিব/সচিব.................... (সকল);
২. বিভাগীয় কমিশনার .......................(সকল);
৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন;
৪. জেলা প্রশাসক ..........................(সকল);
৫. উপজেলা নির্বাহী অফিসার ...............( সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়;
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।